গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১১৮ তারিখ ০৪ মাঘ ১৪৩০ ব: / ১৮ জানুয়ারি ২০২৪ খ্রি.

## ২০২২ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইন-এর মাধ্যমে সম্পন্ন করা হবে। যে সকল শিক্ষার্থী (২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯) ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার ফরম পূরণে করেনি তাদের পুন:ভর্তির মাধ্যমে এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদেরকে জুন/২০২২ মাসের বেতন ও সেশন চার্জ পরিশোধ করে আবেদন ফরম পূরণ, ফি জমাদান ও অন্যান্য তথ্যাদি নিম্নবর্ণিত সময়সূচির মধ্যে সম্পন্ন করার নির্দেশ দেয়া যাচ্ছে।

১। **আবেদন ফরম পূরণের সময়সূচি:**

| তারিখ | অনার্স বিষয় | সময় | ফরম পূরণের স্থান |
|---|---|---|---|
| ২১/০১/২০২৪ থেকে ৩১/০১/২০২৪ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত | স্ব-স্ব বিভাগ |

বিভাগ সমূহ থেকে On-line-এ নিশ্চয়নকৃত বিবরণীর মূল প্রিন্টকপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট ০৩/০২/২০২৩ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২। **পরীক্ষার ফিস জমা:**

**DBBL টাকা পরিশোধের নিয়মাবলী:**

(ক) নিয়মিত ছাত্র-ছাত্রী যাদের DBBL মোবাইল এ্যাকাউন্টে আছে তারা নিজেদের একাউন্ট থেকে অথবা এজেন্ট বা অন্য একাউন্ট থেকে নিম্নোক্ত নিয়ম অনুসারে প্রথমে ফরমপূরণের ফি পরিশোধ করবে এবং পরে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup* লিংকে প্রবেশ করে Student ID ও Formfillup Level নির্বাচন করে Next বাটনে ক্লিক করে পেমেন্ট কনফার্মেশন স্লিপ ডাউনলোড করে নিবে।

(খ) অনিয়মিত ছাত্র-ছাত্রীদেরকে পেমেন্ট অপশনে যাওয়ার আগে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Honours/formfillup* লিংকে প্রবেশ করে Click Here বাটনে ক্লিক করার পর Student ID ও Formfillup Level নির্বাচন করে Next বাটনে ক্লিক করতে হবে। এরপর বিষয় সংখ্যা নির্বাচন করার পর পুনরায় Next বাটনে চাপ দিলে ডাচ-বাংলা ব্যাংকের পেমেন্ট অপশন আসবে। তারপর নিম্নোক্ত পদ্ধতি অনুযায়ী পেমেন্ট করতে হবে। এরপর পেজ **Refresh** করে অথবা **Sign-in** করে অথবা পুনরায় উক্ত লিংকে অনুরূপভাবে প্রবেশ করে **পেমেন্ট কনফার্মেশন স্লিপ** ডাউনলোড করতে হবে।

১. যেসকল মোবাইলে **DBBL** মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে ***322#** ডায়াল করে **DBBL** মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট **1 (One)** সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে **1 (One)** সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে **Other 2 (Two)** সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন **(Enter Student Mobile Number)**
৫. **Other 0 (Zero)** সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের **Biller ID 304** টাইপ করুন
৭. **Bill No-এ আপনার Class ID** (উদাহরণ :2019000006) দিন
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের **PIN** টাইপ করুন
১০. **OK/Send** বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি **DBBL** থেকে **TrxID** যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ফরম পূরণ সম্পন্ন হবে। এবং ফরম পূরণের লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

*** ডাচবাংলা মোবাইল ব্যাংকে ফি পরিশোধ করার পর সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে প্রবেশ করে অথবা *http://rc.edu.bd/admission-form-fillup/* লিংকের **Honours Online Admission** ব্যবহার করে নিজেদের **Student ID** দিয়ে লগইন করে ফরম ফিল-আপ কনফার্মেশন স্লিপ ডাউনলোড করা যাবে।

৩। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

(ক) স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।

(খ) অনলাইন আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ২ কপি রঙিন ছবি সংযুক্ত করে স্ব স্ব বিভাগের জমা দিতে হবে।

(গ) ফরম পূরণের আবেদন ফরমের স্টুডেন্ট কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

(ঘ) Confirmation Slip-এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

## পরীক্ষার ফিসের বিবরণ

| ক্রঃ নং | পরীক্ষার ফি-এর বিবরণ | | ফি-এর পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২৫০/- টাকা |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২০০/- টাকা |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২৫০/- টাকা |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-<br>কলেজে জমা হবে ২০০/- | | ৩০০/- টাকা |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | | ৪৫০/- টাকা |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী কোর্স প্রতি)- কলেজে জমা হবে | | ১৫০/- টাকা |
| ০৭ | ব্যবস্থাপনা ফি | | ৫০/- টাকা |
| ০৮ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (অনিয়মিত/গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্বাবিদ্যালয়ে জমা হবে। | | ৩০০/- টাকা |
| ০৯ | ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার ফি | ১ম দিনের জন্য (প্রতি শিক্ষার্থী) এবং | ১৩০/- টাকা |
| | | পরবর্তী প্রতিদিনের জন্য (প্রতি শিক্ষার্থী) | ৭৫/- হারে |
| ১০ | Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি | | ১০০০/- টাকা |
| ১১ | ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে () গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ফি | | ৫০০০/-টাকা |

৪। **On-line-এর আবেদন ফরম পূরণের নিয়মাবলী:**

(ক) শিক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

(খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১(এক) কপি ছবি ফরমের সাথে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

৫। **পরীক্ষায় অংশগ্রহণের প্রযোজনীয় শর্তাবলী:**

(ক) **ক) নিয়মিত:** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী যারা ২০২১ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেওয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২২ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

(খ) **খ) অনিয়মিত:** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন২০১৫-২০১৬, ২০১৬-২০১৭,২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯) ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৮, ২০১৯,২০২০ ও ২০২১ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, যে সকল শিক্ষার্থী ২০২২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্স সমূহে অংশগ্রহণ করবে।

(গ) **গ) গ্রেড উন্নয়ন :** জাতীয় বিশ্ববিদ্যলয় কর্তক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী(২০১৫-১৬, ২০১৬-১৭,২০১৭-১৮, ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২১ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে "C " বা "D " গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।** কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

৬। **২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**
২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বোমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন পরীক্ষার্থী ফরম পূরণে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

৩। **অনার্স পাঠ্যসূচী (Syllabus):**

(ক) জাতীয় বিশ্বিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে।।

৪। **তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতা:**

* তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।

* ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional Promoted হবে। এরূপ শিক্ষার্থীরা ২০২২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
* একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না ,তার ফলাফল Not Promoted হবে।
* Promoted/Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছরে অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দুইটি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
* সংশোধিত পরীকষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না । F গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।
* ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

**৭। বিভাগের জন্য করণীয়:**

(ক) পরীক্ষার্থীদের পূরণকৃত আবেদন ফরম সঠিক ভাবে হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (probable list) এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/honours) এ College Login প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

(খ) প্রত্যেক পরীক্ষার্থী সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে।

(গ) নিশ্চয়ন সম্পন্ন হলে Online এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

(ঘ) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

(ঙ) নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্যজনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ হবে না। শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

**৮। ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:**

বিভাগীয় প্রধান পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইন-কোর্স নম্বর আবেদন ফরম পূরণের সময়েই নির্ধারিত সফ্টওয়্যারের Online এ পরীক্ষার্থীদের রোল নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে গালাসিল করে পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

***** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।**

**বি:দ্র: নিয়মিত, অনিয়মিত এবং গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ফি DBBL এর মাধ্যমে জমা দিতে হবে।**

স্বা:
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১১৯ (২৭)

তারিখ: ০৪ মাঘ ১৪৩০ ব: / ১৮ জানুয়ারি ২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
২। আহ্বায়ক, তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা কমিটি-২০২২, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, কাজী নজরুল ইসলাম সড়ক শাখা, রাজশাহী।
৫। ম্যানেজার, DBBL, রাজশাহী।
৬। প্রধান তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, মুসলিম ছাত্রাবাস/ছাত্রীনিবাস/হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী।
৭। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৮। নথি সংরক্ষণ।

১৮/০১/২০২৪
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।
১৮/০১/২০২৪